দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

24 2002



সাবিনা ইয়াসমিন মুক্তার চিকিৎসার সাহায্যে মঙ্গলবার প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে তার মা উপস্থিত ছিলেন। পাশে মুক্তার ফাইল ছবি —সংবাদ

# মেধাবী ছাত্রী মুক্তার জীবন বাঁচানোর আবেদন

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** নগরীর ইডেন কলেজের মেধাবী ছাত্রী সাবিনা ইয়াসমিন মুক্তার দু'টি কিডনিই নষ্ট হয়ে গেছে। তার চিকিৎসার সাহায্যার্থে ফ্রেন্ডস ক্লাব ইন ঢাকা মঙ্গলবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফ্রেন্ডস ক্লাব ইন ঢাকার সভাপতি এ.বি.এম কামরুল হাসান।

লিখিত বক্তব্যে তিনি জানান, ইডেন মহিলা কলেজের দর্শন শেষবর্ষের ছাত্রী মুক্তার বেঁচে থাকার জন্য অনেক অর্থের প্রয়োজন। দু'একজন জনদরদির পরিমিত সাহায্য তাকে জীবন দান করবে না। এর জন্য প্রয়োজন সম্মিলিত অনেক সাহায্য। অসহায় নিষ্পাপ জীবনের পাশে এসে দাঁড়িয়ে ভ্রাতৃত্বের বন্ধনকে গাঢ় করার প্রতিভা নিয়ে ব্যতিক্রমধর্মী স্বেচ্ছাসেবী সংগঠন ফ্রেন্ডস ক্লাব ইন ঢাকা মুক্তার পাশে এসে দাঁড়িয়েছে। সাংবাদিক সম্মেলনে অসুস্থ মুক্তার মা হাজির হয়ে মেয়ের জন্য সাহায্যের আবেদন জানান।

ইডেন কলেজের অধ্যক্ষাসহ মুক্তার সকল সহপাঠীর সহায়তায় ফ্রেন্ডস ক্লাব ইন ঢাকা আগামী ১লা আগস্ট বিকেল ৪টায় নীলক্ষেতের আইসিএমএবি'র অডিটোরিয়ামে মুক্তার চিকিৎসা সাহায্যের জন্য সঙ্গীত সন্ধ্যার আয়োজন করেছে। যারা মুক্তার চিকিৎসার জন্য আর্থিক সাহায্য করতে চান তাদের জন্য সাহায্য পাঠানোর ঠিকানা—সঞ্চয়ী হিসাব নং-৩৮৯৯, উত্তরা ব্যাংক লিমিটেড, বঙ্গবন্ধু অ্যাভিনিউ, ঢাকা। সাংবাদিক সম্মেলনে অন্যদের মধ্যে

জীবন ঃ পৃঃ ২ কঃ ৭

## জীবন ঃ মেধাবী ছাত্রীর

( ১ম পৃষ্ঠার পর )

উপস্থিত ছিলেন ফ্রেন্ডস ক্লাব ইন ঢাকার সাধারণ সম্পাদক সায়েম মোহাম্মদ রনি, বিএনপি নেত্রী হেলেন জেরিন খান, সহ-সভাপতি জাকির, এইচ.তালুকদার প্রমুখ।